গাংনীতে জাল টাকাসহ ১ জন আটক

মেহেরপুরের গাংনীতে র্যাব-১২, সিপিসি-৩ এর অভিযানে ৪২ হাজার টাকার জাল নোট উদ্ধার হয়েছে। এ ঘটনায় আমিরুল ইসলাম খোকন (৪৪) নামে এক ব্যক্তিকে গ্রেফতার করেছে র্যাব।

গতকাল শনিবার রাত ১২টার দিকে সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া (আবাসন) গ্রামে তার নিজ বাড়িতে এ অভিযান পরিচালনা করা হয়। এসময় ১ হাজার টাকা মূল্যমানের মোট ৪২টি জাল নোট, যার বাজার মূল্য ৪২ হাজার টাকা, উদ্ধার করা হয়।

পরবর্তীতে আজ রবিবার সকলে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন-১২ কোম্পানী কমান্ডারের কার্যালয় ক্রাইম প্রিভেনশন কোম্পানী-৩’র পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে সকল তথ্য জানা।

গ্রেফতারকৃত আমিরুল ইসলাম গাংনী পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের শিশিরপাড়া গ্রামের নিজাম উদ্দিন ও রাহেলা খতুনের ছেলে। বর্তমানে তিনি সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া (আবাসন) এলাকায় বসবাস করছিলেন।

র্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদে খোকন স্বীকার করেছে, সে দীর্ঘদিন ধরে জাল টাকা তৈরির একটি চক্রের সঙ্গে জড়িত ছিল এবং বিভিন্ন স্থান থেকে জাল টাকা সংগ্রহ করে ক্রয়-বিক্রয় করত।

র্যাব-১২, সিপিসি-৩ এর পক্ষ থেকে জানানো হয়, গ্রেফতারকৃত খোকনের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন।

র্যাবের কর্মকর্তারা আরও জানান, সমাজ থেকে অপরাধ দমনে র্যাবের অভিযান অব্যাহত থাকবে। পাশাপাশি তারা জনগণকে তথ্য দিয়ে সহযোগিতা করার আহ্বান জানান।